গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়
আইসিটি শাখা
প্রোগ্রামার
সহকারি মেইন্টেন্যান্স ইঞ্জিনিয়ার
সহকারি প্রোগ্রামার
অন্যান্যঃ
ডাইরী নং- ০৬০৮ তারিখ- ৩০/০৪/২৬
স্বাক্ষরঃ

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়
ভূমি ব্যবস্থাপনা শাখা-১
বাংলাদেশ সচিবালয়, ঢাকা
www.mohpw.gov.bd

স্মারক নম্বর: ২৫.০০.০০০০.০৪৯.৩৩.০০৫.২৫-৩৩০

তারিখ: ১৭ বৈশাখ, ১৪৩৩ / ৩০ এপ্রিল, ২০২৬

বিষয়: আগারগাঁও শেরে বাংলা নগর প্রশাসনিক এলাকায় প্লট নম্বর: এফ-৯ এর বিভাজিত উপ-প্লট নম্বর: এফ-৯/সি এর ২৫ শতাংশ জমি বরাদ্দ প্রদান।

সূত্র: পল্লী দারিদ্র্য বিমোচন ফাউন্ডেশন (পিডিবিএফ) এর ২৪ আগস্ট, ২০২৫ তারিখের ৪৭.৬৬.০০০০.০০৪.০৭.২৬৯.০৮.৩৭৫৪ নম্বর স্মারক।

উপর্যুক্ত বিষয় ও সূত্রস্থ স্মারকের পরিপ্রেক্ষিতে পল্লী দারিদ্র্য বিমোচন ফাউন্ডেশন (পিডিবিএফ) এর প্রধান কার্যালয় স্থাপনের জন্য শেরে বাংলা নগর প্রশাসনিক এলাকার প্লট নম্বর: এফ-৯ এর ৮৩ শতাংশ জমির উপ-প্লট নম্বর: এফ-৯/সি, ৪৫ ফুট রোড সংলগ্ন ২৫ শতাংশ জমি সচিব, পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগের অনুকূলে প্রচলিত লিজ দলিলের শর্তসহ নিম্নবর্ণিত শর্তসাপেক্ষে নির্দেশক্রমে বরাদ্দ প্রদান করা হলো:

**শর্তাবলী:**

(ক) জমির বরাদ্দপত্র/দখলভার প্রাপ্তির ০৩ (তিন) মাসের মধ্যে লিজ দলিল সম্পাদনের নিমিত্ত ০২ (দুই) সেট লিজ দলিলের খসড়া এ মন্ত্রণালয়ে দাখিল করতে হবে। সম্পাদিত লিজ দলিলের ০১ (এক) কপি মন্ত্রণালয়ে জমা দিতে হবে;

(খ) সংশ্লিষ্ট নির্বাহী প্রকৌশলীর সাথে যোগাযোগপূর্বক বরাদ্দকৃত জমির দখলভার বুঝে নিতে হবে;

(গ) বরাদ্দকৃত জমির উন্নয়ন সংক্রান্ত ব্যয় বরাদ্দ প্রাপক প্রতিষ্ঠানকে বহন করতে হবে। জমি যে অবস্থায় আছে সে অবস্থায় দখল গ্রহণ করতে হবে;

(ঘ) এ বরাদ্দপত্র কোন ক্রমেই বরাদ্দকৃত জমিতে বরাদ্দ প্রাপকের কোন স্থায়ী স্বত্ব/মালিকানা প্রদান করে না এবং এটি হস্তান্তরযোগ্য নয়;

(ঙ) বরাদ্দকৃত জমির কোন অংশ অবৈধভাবে ভাড়া অথবা হস্তান্তর করার অভিযোগ পাওয়া গেলে এবং তা প্রমাণ হলে বরাদ্দ বাতিল করা হবে;

(চ) বরাদ্দকৃত জমির ভূমি উন্নয়ন কর, গ্রাউন্ড রেন্ট ও অন্যান্য সরকারি পাওনাদি বরাদ্দ গ্রহীতা সংস্থা কর্তৃক নির্ধারিত হারে সংশ্লিষ্ট অফিস/তফশিল/ভূমি অফিসে জমা প্রদান করতে হবে;

(ছ) বরাদ্দপত্রের কোন শর্ত ভঙ্গ করলে অথবা যে উদ্দেশ্যে জমি বরাদ্দ দেয়া হয়েছে সে উদ্দেশ্য ব্যতীত অন্য কোন উদ্দেশ্যে জমি ব্যবহার করা হলে বরাদ্দ বাতিল করা হবে;

(জ) স্থাপত্য অধিদপ্তরের মাধ্যমে নকশা প্রণয়ন করতে হবে; এবং

(ঝ) উক্ত জমিতে সকল প্রকার নির্মাণ কাজ অনুমোদিত নকশা অনুযায়ী গণপূর্ত অধিদপ্তরের মাধ্যমে সম্পাদন করতে হবে।

২। যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে এ বরাদ্দপত্র জারি করা হলো।

মোহাম্মদ কায়সার খসরু
সিনিয়র সহকারী সচিব
ফোন: ০২-৫৫১০১৪৩৪

সচিব
পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

স্মারক নম্বর: ২৫.০০.০০০০.০৪৯.৩৩.০০৫.২৫-৩৩০

তারিখ: ১৭ বৈশাখ, ১৪৩৩ / ৩০ এপ্রিল, ২০২৬

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)

১. অতিরিক্ত সচিব (ভূমি ও পরিত্যক্ত সম্পত্তি ব্যবস্থাপনা অনুবিভাগ) গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২. অতিরিক্ত সচিব (আইন অনুবিভাগ), গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৩. প্রধান প্রকৌশলী, গণপূর্ত অধিদপ্তর, পূর্ত ভবন, সেগুনবাগিচা, ঢাকা।
৪. প্রধান স্থপতি, স্থাপত্য অধিদপ্তর, স্থাপত্য ভবন, সেগুনবাগিচা, ঢাকা।
৫. ব্যবস্থাপনা পরিচালক (অতিরিক্ত দায়িত্ব), পল্লী দারিদ্র্য বিমোচন ফাউন্ডেশন (পিডিবিএফ), বাড়ী নং-০৫, এভিনিউ-০৩, হাজী রোড, রূপনগর, মিরপুর-২, ঢাকা।
৬. যুগ্মসচিব (ভূমি ব্যবস্থাপনা অধিশাখা), গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৭. মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়, ঢাকা (মাননীয় মন্ত্রীর সদয় অবগতির জন্য)।
৮. মাননীয় প্রতিমন্ত্রীর একান্ত সচিব, গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়, ঢাকা (মাননীয় প্রতিমন্ত্রীর সদয় অবগতির জন্য)।